

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৬৩.৮২-৯৪.

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : ফেনী জেলার সোনাগাজী উপজেলার ০১ নং চর মজলিশপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ শাহজাহানকে নিকাহ রেজিস্ট্রারের পদ হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনি ফেনী জেলার সোনাগাজী উপজেলার ০১ নং চর মজলিশপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ শাহজাহান শারীরিক অসুস্থতাজনিত কারণে নিকাহ রেজিস্ট্রারের দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণের আবেদন করায় আপনাকে নিকাহ রেজিস্ট্রারের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলার ০১ নং চর মজলিশপুর ইউনিয়নের অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো।

স্বা.

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,


জনাব মুহাম্মদ শাহজাহান
সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০১ নং চর মজলিশপুর
সোনাগাজী, ফেনী।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৬৩.৮২-৯৪.

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা-রেজিস্ট্রার, ফেনী (সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বালাম বহি সংগ্রহ করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৫। সাব-রেজিস্ট্রার, সোনাগাজী, ফেনী (শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি/ গার্ড ফাইল।


(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮